# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫. ওযুর ফযীলত

بَابُ فَضْلِ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَلِيِّ بْنِ زَيْدٍ عَنْ أَبِي عُثْمَانَ قَالَ كُنْتُ مَعَ سَلْمَانَ تَحْتَ شَجَرَةٍ فَأَخَذَ مِنْهَا غُصْنًا يَابِسًا فَهَزَّهُ حَتَّى تَحَاتَّ وَرَقُهُ قَالَ أَمَا تَسْأَلُنِي لِمَ أَفْعَلُ هَذَا قُلْتُ لَهُ لِمَ فَعَلْتَهُ قَالَ هَكَذَا فَعَلَ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ إِنَّ الْمُسْلِمَ إِذَا تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ وَصَلَّى الْخَمْسَ تَحَاتَّتْ ذُنُوبُهُ كَمَا تَحَاتَّ هَذَا الْوَرَقُ ثُمَّ قَالَ وَأَقِمْ الصَّلَاةَ طَرَفَيْ النَّهَارِ وَزُلَفًا مِنْ اللَّيْلِ إِلَى قَوْلِهِ ذَلِكَ ذِكْرَى لِلذَّاكِرِينَ

إسناده ضعيف ولكن يتقوى بشواهده

বাংলা

৭৪২. আবু উছমান বলেন, আমি সালমান রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে একটি গাছের নিচে ছিলাম। তখন তিনি গাছের একটি শুকনো ডাল নিলেন এবং সেটি ঝাঁকাতে লাগলেন। এমনকি এর পাতাসমূহ ঝরে পড়লো। তিনি বললেন: তুমি কি আমাকে জিজ্ঞেস করবে না, আমি এটি কেন করলাম? আমি তাকে বললাম: আপনি তা কেন করলেন? তিনি বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও আমার সামনে এরূপ করেছিলেন। তারপর বলেছিলেন: “মুসলিম যখন সুন্দর করে ওযু করে এবং পাঁচ ওয়াক্ত সালাত আদায় করে, তখন তার গুনাহসমূহ এভাবে ঝরে যায়, যেভাবে এ পাতা ঝরে গেলো। তারপর তিনি পাঠ করলেন: “এবং সালাত কায়েম কর দিবসের দু’প্রান্তে এবং রাত্রির কিছু অংশে; নিঃসন্দেহে নেককাজ সমূহ মুছে ফেলে মন্দ কাজসমূহকে; এটিই হচ্ছে একটি (ব্যাপক) নাসীহাত, নাসীহাত মান্যকারীদের জন্য।”[1] (সূরা হুদ: ১১৪)

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। কিন্তু এর শাহিদ হাদীসসমূহ একে শক্তিশালী করে। আমরা এর তাখরীজ পূর্ণ

করেছি মাজমাউয যাওয়াইদ নং ১৬৭৪, ১৬৯১ এ। আরও দেখুন, তারগীব ওয়াত তারহীব ১/২৩৬, ২৩৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ ‘উসমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76118

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন